



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ শিশু একাডেমি

ঢাকা জেলা কার্যালয়।

[dhakadistrict.bsa@gmail.com](mailto:dhakadistrict.bsa@gmail.com)



“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

স্মারক নম্বর: বিএসএ-টাজে-৪৯/২০২১/১০২(২০০)

তারিখ: \_\_\_\_\_

০৭ আশ্বিন ১৪২৮

২২ সেপ্টেম্বর ২০২১

বিষয় : বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিতে শিশুদের অংশগ্রহণ প্রসংগে।

আনন্দের সাথে জানাচ্ছি যে, প্রতি বছরের ন্যায় এ বছরও জেলা প্রশাসন ও বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা শাখা কর্তৃক বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে শিশুদের জন্য নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী বিভিন্ন প্রতিযোগিতা ও অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

প্রতিপাদ্য : “শিশুর জন্য বিনিয়োগ করি, সমৃদ্ধ বিশ্ব গড়ি”।

তারিখ ও সময়	কর্মসূচির বিবরণ, বিভাগ ও বিষয়	স্থান
০৪.১০.২০২১ খ্রি: সোমবার সকাল ১০.০০ টা	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২১ এর উদ্বোধনী অনুষ্ঠান: স্বাস্থ্যবিধি মেনে শিশু সমাবেশ, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান	মিরপুর বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মিরপুর-১১, ঢাকা
০৫.১০.২০২১ খ্রি. মঙ্গলবার বেলা ১২টার মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে	জাতীয় কন্যা শিশু দিবস-২০২১ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা (শুধুমাত্র কন্যাশিশুদের জন্য) বিকল্প ৩টায় সমাজের বিভিন্ন শ্রেণি-পেশার বিশিষ্ট ব্যক্তিবর্গ ও অভিভাবদের নিয়ে আলোচনা অনুষ্ঠান দিনব্যাপী বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও পরামর্শ প্রদান (শুধুমাত্র মহিলাদের জন্য)	বাংলাদেশ শিশু একাডেমি ঢাকা জেলা কার্যালয়। বাড়ী নং-৫, রোড-৪, ব্লক-এ, সেকশন-১১, মিরপুর ঢাকা-১২১৬ (ব্র্যাক ব্যাংকের পিছনে)
০৬.১০.২০২১ খ্রি. বুধবার বিকাল ৫টার মধ্যে নির্ধারিত ফেসবুক এফপে আবৃত্তির ভিডিও আপলোড করতে হবে সকাল ১১টা	ভার্চুয়াল পদ্ধতিতে নির্ধারিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতা (কবিতা সংযুক্ত) ক্রীড়া প্রতিযোগিতা	ফেসবুক গ্রুপ: ‘বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা (অনলাইন)’ বাংলাদেশ শিশু একাডেমি ঢাকা জেলা কার্যালয়।
০৭.১০.২০২১ খ্রি. বৃহস্পতিবার চিত্রাংকন ও সৃজন ০৬.১০.২০২১ খ্রি. বিকাল ৫টার মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে	চিত্রাংকন প্রতিযোগিতা সৃজন প্রতিযোগিতা: শিশু এবং তার অভিভাবক সম্মিলিতভাবে ক্র্যাফট (রঙিন কাগজ, কার্ড বোর্ড, গ্লিটার ও জরি, ককসিট, বেত, কঞ্চি, রিবন ইত্যাদি দিয়ে) বানিয়ে জমা দিবেন	বাংলাদেশ শিশু একাডেমি ঢাকা জেলা কার্যালয়। বাড়ী নং-৫, রোড-৪, ব্লক- এ, সেকশন-১১, মিরপুর, ঢাকা-১২১৬ (ব্র্যাক ব্যাংকের পিছনে)
০৮.১০.২০২১ খ্রি. শুক্রবার সকাল ১১.০০ টা	“আমার কথা শোনো” শিরোনামে শিশুদের মুক্ত আলোচনা মেয়েদের শিক্ষার পরিবেশ, শিশু নির্ধাতন/সুরক্ষা, তথ্য প্রযুক্তির ব্যবহার ও বাল্য বিবাহ বিষয়ক আলোচনা	
০৯.১০.২০২১ খ্রি. শনিবার সকাল ১১.০০ টা	বঙ্গবন্ধুকে জানো বাংলাদেশকে জানো বিষয়ক পুস্তক প্রদর্শনী ও বিক্রয়	
১০.১০.২০২১ খ্রি. রবিবার বিকাল ০৪.০০ টা	বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২১ এর সমাপনী অনুষ্ঠান: স্বাস্থ্যবিধি মেনে আলোচনা সভা, পুরস্কার ও সনদপত্র বিতরণ এবং সাংস্কৃতিক অনুষ্ঠান	মিরপুর বাংলা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তন মিরপুর-১১, ঢাকা

➤ বি.দ্র : রচনা A4 সাইজ অফসেট কাগজের একপাশে নিজ হাতে লিখতে হবে। ১৬x১১ ইঞ্চি কার্টজ পেপারে ছবি আঁকতে হবে। রচনা ও ছবি আঁকার কাগজে প্রতিযোগির নাম, পিতা-মাতার নাম, শ্রেণি, বিদ্যালয়ের নাম, মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

উল্লিখিত কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীত অনুরোধ জানাচ্ছি।

প্রাপক,  
অধ্যক্ষ/প্রধান শিক্ষক

রাশিদা বেগম  
জেলা শিশু বিষয়ক কর্মকর্তা  
বাংলাদেশ শিশু একাডেমি  
ঢাকা জেলা।  
ফোন: ৪৮০৩২৪০১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
২. জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা জেলা।
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা।
৪. জেলা শিক্ষা অফিসার/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জেলা।
৫. পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, ঢাকা (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার....., ঢাকা।
৭. উপজেলা/থানা শিক্ষা অফিসার....., ঢাকা।
৮. অফিস কপি।

## আমরা

-আখতার হুসেন

আমরা নতুন যুগের কিশোর  
দামাল শিশুর দল,  
আকাশ কাঁপাই, বাতাস কাঁপাই  
কাঁপাই ধরণিতল।

আমরা একলা স্বপ্ন দেখি না  
দেখাই অন্যকেও,  
স্বপ্নের সেই সৌধ গড়তে  
মনে মনে তুলি ঢেউ।

অন্যায় যত বন্যার তোড়ে  
আমরা ভাসিয়ে দেই,  
লোভ-লালসার হাতছানি দেখে  
হারাই না মোটে খেই।

আমরা গড়ব সোনার এ-দেশ  
হাতে হাত রাখি তাই,  
কাজ করে যাই দেশের জন্য  
আমরা তো ভাই ভাই।

আমরা নতুন যুগের কিশোর  
আমরা শিশুর দল  
আগামী দিনের মুজিব আমরা  
আমরা দেশের বল।